রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

## অতিরিক্ত গেজেট

## কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ চৈত্র ১৪১৩/২ এপ্রিল ২০০৭

**এস, আর, ও নং ৩৫-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (ক) এর প্রথম লাইনে "এবং" শব্দটির পরিবর্তে "বা" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(খ) বিধি ৩ এর—

(১) উপ-বিধি (২) এর দফা (ক) এ "Bangladesh Civil Service (Judicial) Cadre এ নিযুক্ত ও" শব্দগুলির পরিবর্তে "তফসিলের প্রথম অংশে উল্লেখিত কোন পদের বিপরীতে নিযুক্ত বা অন্যত্র প্রেষণে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(২) উপ-বিধি (৩) এর "আদেশ দ্বারা" শব্দগুলির পর "তফসিলের উভয় অংশে উল্লেখিত পদসমূহের প্রাথমিক অনুমোদিত সংখ্যা নির্ধারণ করিবে এবং" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(৩) উপ-বিধি (৩) এর শর্তাংশের পর নিম্নরূপ ব্যাখ্যা সংযোজিত হইবে ঃ

**"ব্যাখ্যা** ঃ—সার্ভিসের প্রবেশ পদের মোট সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে তফসিলের প্রথম ও দ্বিতীয় অংশের সর্বনিম্ন পদ দুইটির পদসংখ্যা একযোগে গণনা করিতে হইবে।";



মূল্য ঃ টাকা ৪·০০

(৪) উপ-বিধি (৪) এ "প্রবেশ" শব্দটির পরিবর্তে " মোট" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(গ) বিধি ৫ এর—

(১) উপ-বিধি (১) এর দ্বিতীয় লাইনে "হইবে" শব্দটির পরিবর্তে "যাইবে" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(২) উপ-বিধি (৪) এর দফা (ক) এর দ্বিতীয় লাইনে "ক্ষেত্রে" শব্দটির পরিবর্তে "ক্ষেত্র" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(৩) উপ-বিধি (৬) "রাষ্ট্রপতি, কমিশনের সহিত পরামর্শক্রমে" শব্দগুলির পরিবর্তে "কমিশন, রাষ্ট্রপতির অনুমোদনক্রমে," শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঘ) বিধি ৬ এর—

(১) উপ-বিধি (১) এর শর্তাংশের প্রথম লাইনে "নিয়োগকারী" শব্দটির পরিবর্তে "উপযুক্ত" কথাটি প্রতিস্থাপিত হইবে ;

(২) উপ-বিধি (২) এর প্রথম লাইনে "নিয়োগকারী কর্তৃপক্ষ" শব্দগুলির পরিবর্তে "উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে," শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৩) উপ-বিধি (৩) এর চতুর্থ লাইনে "নিয়োগকারী কর্তৃপক্ষ" শব্দগুলির পর "সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(৪) উপ-বিধি (৪) এর দ্বিতীয় লাইনে "নিয়োগকারী" শব্দটির পরিবর্তে "উপযুক্ত" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(৫) উপ-বিধি (৪) এর দফা (ক) এ "পরীক্ষায়" শব্দটির পূর্বে "কমিশন কর্তৃক গৃহীত বিভাগীয়" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(৬) উপ-বিধি (৪) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (৪ক) সন্নিবেশিত হইবে ঃ

"(৪ক) উপ-বিধি (৪) এর অধীনে অনুষ্ঠিতব্য বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণ বিষয়ে আদেশ জারী না হওয়া পর্যন্ত Munsifs' Training and Probation Rules, 1979 অনুসারে কমিশন প্রয়োজনীয় পরীক্ষা গ্রহণ ও আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ করিতে পারিবে এবং বিভাগীয় পরীক্ষা বা প্রশিক্ষণ সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ করিতে পারিবে।";

(৭) উপ-বিধি (৬) এর দ্বিতীয় লাইনে "সুবিধাদি নির্ধারণের" শব্দগুলির পর "উদ্দেশ্যে" শব্দটি সন্নিবেশিত হইবে ;

(ঙ) বিধি ৮ এর—

(১) উপ-বিধি (১) এর দ্বিতীয় লাইনে "উপযুক্ত" শব্দটির পরিবর্তে "নিয়োগকারী" শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং "কর্তৃপক্ষ" শব্দের পর একটি কমা (,) বসিবে ;

(২) উপ-বিধি (৩) এর—

(অ) প্রথম লাইনে "সার্ভিসেস" শব্দটির পরিবর্তে "সার্ভিসের" শব্দটি এবং "কর্মকর্তাকে" শব্দটির পরিবর্তে "কর্মকর্তা" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(আ) দ্বিতীয় লাইনে "হওয়ার" শব্দটির পরিবর্তে "হওয়া" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(ই) তৃতীয় লাইনে "নিয়োগকারী কর্তৃপক্ষের" শব্দগুলির পরিবর্তে "নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঈ) চতুর্থ লাইনে "নিয়োগকারী" শব্দটির পরিবর্তে "উপযুক্ত" শব্দটি প্রতিস্থাপিত হইবে ; এবং

(উ) পঞ্চম লাইনে "হইবে" শব্দটির পরিবর্তে "পারিবে" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(৩) উপ-বিধি (৪) এ "নিয়োগকারী" শব্দটির পরিবর্তে "উপযুক্ত" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(৪) উপ-বিধি (৫) এ "নিয়োগকারী" শব্দটির পরিবর্তে "উপযুক্ত" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(৫) উপ-বিধি (৬) এর প্রথম লাইনে "নিয়োগকারী" শব্দটির পরিবর্তে "উপযুক্ত" শব্দটি এবং দ্বিতীয় লাইনে "সকল প্রক্রিয়া সম্পন্ন করিয়া আত্মীকরণ আদেশ" শব্দগুলির পরিবর্তে "সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণক্রমে আত্মীকরণ ও পদায়ন আদেশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৬) উপ-বিধি (৭) এর প্রথম লাইনে "আত্মীকরণ আদেশে সংশ্লিষ্ট" শব্দগুলির পরিবর্তে "জারীকৃত আদেশে উল্লেখিত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৭) উপ-বিধি (৯) এর দ্বিতীয় লাইনে "ক্যাডার" শব্দের পরিবর্তে "ক্যাডারে" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(৮) উপ-বিধি (১১) এর তৃতীয় লাইনে "নিয়োগকারী" শব্দটির পরিবর্তে "উপযুক্ত" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(৯) উপ-বিধি (১২) এর দ্বিতীয় লাইনে "করিলে" শব্দটির পরিবর্তে "লিখিতভাবে জানাইলে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং "পরামর্শক্রমে" শব্দটির পর "ও নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণক্রমে" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(১০) উপ-বিধি (১৫) এর দ্বিতীয় লাইনে "সকল পদ" শব্দগুলির পর "২০০৬" সংখ্যাগুলির পরিবর্তে "২০১১" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(১১) উপ-বিধি (১৮) এর দ্বিতীয় লাইনে "বাছাই" শব্দটির পর "কমিটি" শব্দটি সন্নিবেশিত হইবে ;

(১২) উপ-বিধি (১৮) এর পর নিম্নবর্ণিত নতুন উপ-বিধি (১৮ক) সন্নিবেশিত হইবে ঃ

"(১৮ক) উক্ত বাছাই কমিটি উহার কর্মপদ্ধতি নির্ধারণ করিবে এবং উহার সভায় চারজন সদস্য উপস্থিত থাকিলে কোরাম গঠিত হইবে।" ;

(চ) বিধি ৮ এর পর নিম্নবর্ণিত নতুন বিধি ৮ক সন্নিবেশিত হইবে ঃ

"৮ক। সুপ্রীম কোর্টের সহিত পরামর্শের কার্যকারিতা।—এই বিধিমালা অনুসারে সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণের ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ কার্যকরভাবে পরামর্শ গ্রহণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে এবং কোন ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের প্রস্তাব ও সুপ্রীম কোর্টের পরামর্শে ভিন্নতা থাকিলে, উক্ত কোর্টের পরামর্শ প্রাধান্য পাইবে।";

(ছ) বিধি ৯ এর উপ-বিধি (৩) এ " Bangladesh Civil Service (Judicial Cadre)- এর বিভিন্ন" শব্দগুলির পরিবর্তে "তফসিলের প্রথম অংশে উল্লেখিত কোন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(জ) তফসিলের প্রথম অংশে—

(খ), (গ) ও (ঘ) ক্রমিকে উল্লেখিত পদগুলির পর সেমিকোলন "(;)" বিলুপ্ত হইবে এবং প্রত্যেকটি ক্রমিকে "/সমপর্যায়ের অন্যান্য বিচারিক পদ;" চিহ্ন ও শব্দগুলি সংযোজিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সালাম খান
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।